মেহেরপুরে গ্যাস ব্যবসায়ী সবুজের পিতার ইন্তেকাল

মেহেরপুর কাঁসারী পাড়া প্রধান সড়কের বিশিষ্ট গ্যাস ব্যবসায়ী সবুজের পিতা সরোয়ার উদ্দিন (৭২) বার্ধক্য জনিত কারণে ইন্তেকাল করেছেন। মৃত সরোয়ার উদ্দিন মেহেরপুর পৌরসভার ৭ নম্বর ওয়ার্ডের মল্লিক পাড়ার বাসিন্দা ছিলেন।

শনিবার ৯ ডিসেম্বর সন্ধ্যা সাড়ে সাতটায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন। মৃত সরোয়ার উদ্দিন মেহেরপুর জেলা ক্রীড়া অফিসের অবসরপ্রাপ্ত অফিস সহকারী ছিলেন।

পরিবারের পক্ষ থেকে জানানো হয়েছে রবিবার সকাল ১০ টায় হোটেল বাজার জামে মসজিদ প্রাঙ্গণে জানাজা শেষে মেহেরপুর পৌর কবরস্থানে তাকে দাফন করা হবে।